# ফ্রেন্ডস অফ পাবলিশিং পুরস্কার পেলেন সাহিত্য আকাদেমির সচিব




**নতুন দিল্লি ঃ** দি ফেডারেশন অফ ইন্ডিয়ান পাবলিশার্স তাদের ৪৪ তম পুরস্কার সমারোহ অনুষ্ঠানে উৎকৃষ্ট মানের পুস্তক প্রকাশনার জন্য সাহিত্য অকাদেমির সচিব কে. শ্রীনিবাসরাওকে ফ্রেন্ডস অফ পাবলিশিং পুরস্কারে ভূষিত করে। ভারতীয় প্রকাশনার জগতে মহত্বপূর্ন যোগদানের জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়। দি ফ্লুরিজ হোটেলে আয়োজিত এক জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে সুপ্রিম কোর্টের মাননীয় প্রাক্তন বিচারপতি হিমা কোহলি এবং প্রাক্তন ক্যাবিনেট মন্ত্রী তথা রাজনীতিক মাননীয়া স্মৃতি ইরানি সাহিত্য অকাদেমির সচিবের হাতে এই পুরস্কার তুলে দেন। এই সমারোহে সাহিত্য অকাদেমি প্রকাশিত সংস্কৃত পত্রিকা ক্ষসংস্কৃত প্রতিভাকে প্রথম পুরস্কার, সাহিত্য অকাদেমি প্রকাশিত হিন্দি পত্রিকা সমকালীন ভারতীয় সাহিত্যক্ষকে দ্বিতীয় পুরস্কার এবং বাল সাহিত্য প্রকাশনার জন্য দ্বিতীয় পুরস্কারে সম্মানিত করা হয়। ভারতীয় প্রকাশনার জগতে কর্মরত ব্যক্তিদের সহায়তা এবং প্রকাশনার জগতে উৎকৃষ্টতা এবং মহত্বপূর্ণ যোগদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর প্রকাশনা সংস্থা গুলিকে পুরস্কৃত করার ক্ষেত্রে দেশের মধ্যে সবচাইতে বড় প্রতিষ্ঠান হিসেবে গণ্য করা হয় এই ফেডারেশন অফ ইন্ডিয়ান পাবলিশার্সকে। এই প্রসঙ্গে উল্লেখযোগ্য যে সাহিত্য অকাদেমি ভারত সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ একটি রাষ্ট্রীয় সাহিত্য সংস্থা যে ২৪টি ভারতীয় ভাষায় পুস্তক প্রকাশিত করে থাকে। সাহিত্য অকাদেমি প্রতি বছর গড়ে ৫০০টিরও বেশি পুস্তক প্রকাশিত করে থাকে।